

# মেঘনা বুলেটিন

আগস্ট, ২০২১; সংখ্যা-৪২

## আমাদের সম্পর্কে

রেডিও মেঘনা (উপকূলের কর্তৃত্ব) কোষ্ট ফাউন্ডেশন এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রাচীন মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দারিদ্র্য কর্তৃত্বের বাড়াতে কাজ করে।



রেডিও মেঘনার সংবাদ প্রচারের পরে আশ্রয়নের ৫০টি পরিবার পেয়েছে টিউবওয়েল, মিলেছে বিদ্যুৎ সংযোগও

গত জুন মাসে চরফ্যাসন নীলকমল ইউনিয়নের মুক্সিরহাট এলাকার অগ্রয়ণ প্রকল্পের ৫০ টি পরিবারের সুবিধা-অসুবিধা ও প্রত্যাশার কথা তুলে ধরে সংবাদ প্রচার করে রেডিও মেঘনা। গৃহহীন এসব পরিবারের রিনা বেগম, নূর নাহার ও আবুল কালামসহ সকলেই সুপেয় পানির জন্য ডিপ টিউবওয়েল, বিদ্যুৎ ব্যবস্থা, রাস্তাসহ বিভিন্ন সমস্যার ও প্রত্যাশার কথা জানান। সেইসব সমস্যাগুলো তুলে ধরা হয় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. আনিতুর রহমানের কাছে। প্রাথমিক ভাবে তিনি এসব সমস্যা সমাধান করার আশ্঵াস প্রদান করেন। এ বিষয়ে রেডিও মেঘনায় বিস্তারিত সংবাদ প্রচারের দুই মাসের মাথায় আশ্রায়ণ প্রকল্পের ৫০ টি পরিবারের জন্য স্থাপন করা হয়েছে ঠটি টিউবওয়ের এবং দেওয়া হয়েছে বিদ্যুৎ সংযোগ। এতে করে খুশি সকলেই। তবে বিদ্যুৎ ও সুরেপ পানি ব্যবস্থা হলেও এখনো বিভিন্ন সমস্যার কথা জানান তারা। সুরজ মাঝি বলেন, পুকুরের ঘাট মেরামতসহ স্থানীয় প্রভাবশালীদের হ্রাসের মুখে পড়তে হয় তাদের। ঘরে তালা দিয়ে কোথাও বেড়াতে কাজে বা দুই/এক দিনের জন্য হসপাতালে গেলেও ঘর হাতছাড়া হয়ে যাওয়ার ভয় থাকছে তাদের। এসব বিষয়ে কথা হয় চরফ্যাসন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. আনিসুর রহমান এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা আল-নোমানের সাথে। তাঁরা বলেন, এসব পরিবারের বিভিন্ন সুযোগ-সুবিধা প্রয়ায়ক্রমে ব্যবস্থা করা হবে সেইসাথে স্থানীয় প্রভাবশালীদের হ্রাসের বিষয়টি নজরে রাখবেন বলে জানান। প্রতিবেদনটি প্রচারিত হয়েছে সিএফটিএম প্রকল্পের সৌজন্যে।  
**সহযোগিতায়:** প্রকাশ ও বৃটিশ কার্ডিন্ল। **বাস্তবায়নে:** কোষ্ট ফাউন্ডেশন।

## ডেঙ্গু ঠেকাতে তৎপর হলেন চরফ্যাসনের গৃহিনী শাহনাজ

বর্ষার মৌসুম শুরু হতেই বাড়ে ডেঙ্গুর প্রকোপ। করোনার কারণে ডেঙ্গু প্রতিরোধে সরকারি বা বেসরকারি প্রচার-প্রচারণা বা কার্যক্রম অন্যবারের তুলনায় বেশ কম। কিন্তু তাই বলে তো ডেঙ্গুতে আক্রান্ত হওয়া থেমে নেই। রেডিও মেঘনায় তাই শুরু থেকে ডেঙ্গু প্রতিরোধে করণীয় কী, সচেতন কীভাবে হবে ইত্যাদি বিষয়ে অনুষ্ঠান প্রচার করে আসছিল। এমনি এক অনুষ্ঠান যেমন তথ্য প্রদান ও নাটক থেকে জিলাগড়ের গৃহিনী শাহনাজ নিজের ঘরের আশেপাশে পরিষ্কার করতে থাকেন তিনিদিন ধরে। তিনি আমাদের জানান, ডেঙ্গু থেকে বাঁচতে বাড়ির আশেপাশে পরিষ্কার রাখতে হয়ে, পরিষ্কার জমে থাকা পানিতে এডিস মশা বংশ বিস্তার করে এসব তিনি আগে জানতেন না। রেডিওতে প্রচারিত অনুষ্ঠানের মাধ্যমে তিনি এগুলো জেনেছেন এবং সে অনুযায়ী ব্যবস্থা নিয়েছেন। তিনি আরো বলেন, রোগ-বালাই তো সৃষ্টিকর্তার হাতে কিন্তু আমাদের সচেতন হতে হবে। রেডিও মেঘনা আমাদের সচেতন থাকবে সবসময় ভূমিকা রেখে চলছে।



## নূরজাহান এখন জানেন স্যানিটারির প্যাড ডিসপোজ কীভাবে করতে হয়

নূরজাহান বেগম (২৪) জালুয়ান্সির চৌমুহনীর বাসিন্দা। তিনি মাসিককালিন নিজের পরিচ্ছন্নতা ও যত্ন নিয়ে সচেতন বরাবরই। রেডিও মেঘনার অনুষ্ঠান শোনেন নিয়মিত। একদিন তিনি সকালে শুনছিলেন আমরা কিশোর আমরা কিশোরী অনুষ্ঠানটি। সেখান থেকে তিনি প্রথম জানতে পারেন স্যানিটারি প্যাড ব্যবহারের পর যেখানে সেখানে না ফেলে একটি স্থানে পুঁতে ফেলতে হয়। নইলে বৃক্ষের পানিতে ধূয়ে তা থেকে রোগ-জীবাণু ছড়ায়। নূরজাহান বেগম আমাদের জানান, “এতদিন আমি স্যানিটারি প্যাড বা কাপড় ব্যবহারের নিয়মাবলী জানতাম। সেভাবে নিজেকে পরিচ্ছন্ন রাখতাম। কিন্তু ব্যবহৃত প্যাড যেখানে সেখানে ফেলতাম মানুষের আড়ালে। কিন্তু কোন নির্দিষ্ট স্থানে পুঁতে রাখতাম না। কখনো মনে হয়নি এতে মানুষের ও পরিবেশের ক্ষতি হতে পারে। রেডিও মেঘনায় প্রথম জানতে পারি। এরপর আশেপাশে যত নারী প্রতিবেশি আছেন সবাইকে বিষয়টি বুঝিয়ে বলি।” তিনি আরো বলেন, একই অনুষ্ঠান থেকে প্রথম জানতে পারি নিয়মিত গোসল করার উপকারিতা এবং ভেজা কাপড় গায়ে দিয়ে থাকতে হয় না। এরপর থেকে আমি নিজেকে সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন ও পরিষ্কার কাপড়-চোপড় পরিধান করি এবং নিজের যত্ন নেই।



### শ্রেতাদের মতামত

ডেঙ্গু ঝুর হলে করণীয় বিষয়ে অনুষ্ঠান শুনতে চায়।

স্বাস্থ্যই সুখ অনুষ্ঠানের আগামী পর্বে শ্রেতারা গর্ভবতী মায়ের যত্ন বিষয়ে শুনতে চান।

### অর্জন

ডাক্তারের সাথে যোগাযোগ করা হয়েছে। নির্ধারিত সময়ে প্রচার করা হবে

এ বিষয়েও ডাক্তারের সাথে যোগাযোগ করা হয়েছে।

### প্রতিবন্ধকর্তা

ডাক্তারদের শিডিউল পাওয়া মুশকিল।

### যোগাযোগ:

উম্মে নিশ,  
সহকারি স্টেশন ম্যানেজার,  
রেডিও মেঘনা, কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা  
ফোন: ০১৭০৮ ১২০৩৯০



[manager@radiomeghna.net](mailto:manager@radiomeghna.net)



[/radiomeghna99.0](https://www.facebook.com/radiomeghna99.0)



[/radiomeghna.net](http://radiomeghna.net)